

## ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায় নিয়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্ত সমবায়ের অবসায়ন কার্য ক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিস্ট্রেশন কার্য ক্রম চালু এবং ইসার্ভিসের আওতায় বিদ্যমান সমবায়গুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রি-রেজিস্ট্রেশন কার্য ক্রম চালু করা আগামী অর্থ বছরে অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য অকার্য কর হয়ে পড়াসমবায়কে কার্য কর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমবায়ের রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে।